

স্মারক নম্বর- ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১.১৭০

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

এসএসসি ও দাখিল(ভোক) শিক্ষাক্রমে অধ্যয়নরত শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশ-বিদেশে কর্মের সুযোগ সৃষ্টি, শিক্ষাক্রমকে মানসম্মত ও দ্বৈত সনদায়ন উপযোগী করিবার লক্ষ্যে ৬৪ সরকারি টিএসসিতে বর্তমানে চলমান ট্রেডসমূহ এবং ১০০ টিএসসি প্রকল্পের জন্য বিদ্যমান ট্রেডসমূহ পর্যালোচনাপূর্বক নিম্নোক্তরূপে ১০টি কমন ট্রেডে পুনর্বিদ্যায়ন করা হলোঃ

ক্রমিক	ট্রেডের বিবরণ
০১.	জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস (General Electrical Works)
০২.	ওয়োল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন (Welding and Fabrication)
০৩.	রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং (Refrigeration and Air Conditioning)
০৪.	প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং (Plumbing and Pipe Fitting)
০৫.	জেনারেল ইলেকট্রনিক্স (General Electronics)
০৬.	অটোমোবাইল অ্যান্ড অটো-ইলেকট্রিক বেসিক্স (Automobile and Auto-Electric Basics)
০৭.	সিভিল কনস্ট্রাকশন অ্যান্ড সেফটি (Civil Construction and Safety)
০৮.	মেশিন অপারেশন বেসিক্স (Machine Operation Basics)
০৯.	অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং বেসিক্স (Apparel Manufacturing Basics)
১০.	আইটি সাপোর্ট অ্যান্ড আইওটি বেসিক্স (IT Support and IoT Basics)


২। এছাড়াও ফার্ম মেশিনারী (Farm Machinery), পোলট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং (Poultry Rearing and Farming), ফিস কালচার অ্যান্ড ব্রিডিং (Fish Culture and Breeding) এবং ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন (Food Processing and Preservation) ট্রেডসমূহ উল্লিখিত ১০টি কমন ট্রেডের অতিরিক্ত হিসেবে সরকারি সকল টিএসসিতে চাহিদা ও প্রয়োজনের নিরিখে চালু থাকিবে।

অনুসরণীয় কার্যক্রমঃ

০১. ট্রেডসমূহের জন্য নতুনভাবে NTVQF দক্ষতা অর্জন উপযোগী পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক তৈরীর উদ্যোগ গ্রহণ করিতে হইবে;
০২. সরকারি টিএসসিসমূহের এসএসসি (ভোক) এর জন্য NTVQF Level-3 এর উপযোগী শিক্ষাক্রম ও নম্বর নির্ধারণ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে; এবং
০৩. বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার ক্ষেত্রে যথাক্রমে এসএসসি ও দাখিল (ভোক) এর জন্য NTVQF Level-2 অর্জন উপযোগী শিক্ষাক্রম ও নম্বর নির্ধারণ করিতে হইবে।

৩। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অনুসরণে অবিলম্বে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(রাষ্ট্রপতির আদেশক্রমে)

উপসচিব (কারিগরি শাখা-১)
ফোনঃ ০২-৯৫৪৫৪৪৪

চলমান পাতা-০২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


০১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা।
০৫. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (কারিগরি অধিশাখা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৮. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১.১৭০(৮)/৫

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেট প্রকাশের অনুরোধসহ)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(রহিমা আক্তার)
উপসচিব (কারিগরি শাখা-১)
ফোনঃ ০২-৯৫৪৫৪৪৪